ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩৩৩
ধর্মনগর, ১৩ আগস্ট,২০২৫

# বিপর্যয় মোকাবিলা ব্যবস্থাপনা নিয়ে ধর্মনগরে সভা অনুষ্ঠিত

উত্তর ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে গতকাল বিপর্যয় মোকাবিলা ব্যবস্থাপনার এক সভা অনুষ্ঠিত হয়। উত্তর ত্রিপুরা জেলা বিপর্যয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষের উদ্যোগে আয়োজিত এই সভায় উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ, জেলাশাসক চাঁদনী চন্দ্রন, অতিরিক্ত জেলাশাসক বিজয় সিনহা, ধর্মনগর মহকুমার মহকুমা শাসক সজল দেবনাথ, পানিসাগর মহকুমার মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, জেলার অতিরিক্ত পুলিশ সুপার কমল দেববর্মা সহ জেলার বিভিন্ন ব্লকের বিডিওগণ ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। উত্তর ত্রিপুরা জেলা বিপর্যয় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বিপর্যয় মোকাবিলার জন্য কতটা প্রস্তুত রয়েছে, বিপর্যয় মোকাবিলা সংক্রান্ত কি কি যন্ত্র সামগ্রী রয়েছে ইত্যাদি নিয়ে সভায় আলোচনা হয়। এছাড়াও জেলার তিনটি মহকুমাতেই নতুন করে নির্বাচিত সিভিল ডিফেন্স ভলান্টিয়ারদের প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়েও সভায় আলোচনা হয়। সভায় জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ বলেন, প্রতিটি জীবনই মূল্যবান। বিপর্যয় হলে আমরা যাতে প্রতিটি মানুষের জীবন বাঁচাতে পারি সেজন্য আমাদের প্রস্তুত থাকতে হবে।

*****